

বিএসসি ইন নার্সিং

প্রথম বর্ষ ভর্তি পরীক্ষা: ২০২১-২২

01. নিচের কোনটি সঠিক আবেগ?

A. বেশ – সিদ্ধান্ত আবেগ   B. যাকগে – বিস্ময় আবেগ
C. আরে – করুণা আবেগ   D. আহ – অলংকার আবেগ

S Ⓐ Why আরে, বিস্ময়, ক্রোধ, বিরক্তি, ঘৃণা, লজ্জা ইত্যাদি সূচক। যাকগে- বিরক্তি বা অবজ্ঞা প্রকাশ। বেশ- সিদ্ধান্ত আবেগ।

02. The synonym for 'Ambition' is –

A. Purposelessness   B. Indifference
C. Aimlessness   D. Desire

S Ⓓ Why প্যারালাল তথ্য: Wish, Willl pleasure, Intention, choice → ইচ্ছা।
▣ অ্যানালাইটিক তথ্য: Aimlessness → লক্ষ্যহীনতা।
• Indifference → উদাসীনতা।   • Purposelessness → উদ্দেশ্যহীনতা।

03. Which is synonym of 'Modern'?

A. Past   B. Outdated   C. Fashionable   D. Ancient

S Ⓒ Why Modern-Fashionable → আধুনিক, রুচিসম্মত।
▣ প্যারালাল তথ্য: Modern, Latter, New, Neoteric, Recent,
• Current → আধুনিক।
▣ অ্যানালাইটিক তথ্য:
• Past → অতীত।   • Ancient → প্রাচীন।
• Outdated → পুরান।

04. তাড়িতচৌম্বক বল কোন কণার পারস্পরিক বিনিময়ের জন্য কার্যকর হয়?

A. প্রোটন   B. ফোটন   C. মেসন   D. গ্রাভিটন

S Ⓑ Why অ্যানালাইটিক তথ্য:
ফোটন হলো আলোক কণা। আর আলো হলো তাড়িৎচৌম্বক তরঙ্গ। সুতরাং ফোটন কণার পারস্পারিক বিনিময়ের মাধ্যমেই তাড়িৎচৌম্বক বল কার্যকর হয়।
▣ প্যারালাল তথ্য: প্রোটন এর চার্জ ধনাত্মক। এর বিনিময়ে তড়িৎ বল কার্যকর হয়। মেসন কণার বিনিময়ে সবল নিউক্লিয় বল কার্যকর হয়। গ্র্যাভিটন কণার বিনিময়ে মহাকর্ষ বল কার্যকর হয়।

05. Choose the correct spelling –

A. Assessment   B. Asesment   C. Asessment   D. Assesment

S Ⓐ Why Assessment যা Correct Spelling আর বাকি অপশনের উত্তরগুলো ভুল রয়েছে।
▣ প্যারালাল তথ্যঃ গুরুত্বপূর্ণ সঠিক, Spellings Accommodate, Achieve, Gcross, Apparently, Calendar, Colleague, Committec, disappear, disappoint, Familiar, foreign, guard, honorary, incidentally, independent millinnium etc.

06. নিচের কোনটিকে 'কার্বলিক এসিড' বলা হয়?

A. ফেনল   B. ফিনাইল অ্যাসিটেট
C. অ্যামিনো বেনজিন   D. বেনজাইল অ্যালকোহল

S Ⓐ Why কার্বলিক এসিড একটি জৈব যৌগ যা একটি ফেনল গ্রুপ এবং একটি হাইড্রোক্সিল গ্রুপ দ্বারা গঠিত। ১৮৩৪ সালে জার্মান রসায়নবিদ ফ্রেডলিয়েব ফার্ডিনান্ড রঞ্জ এই এসিড করেন যা ফেনল নামেও পরিচিত।

07. ABCD আয়তক্ষেত্রের দৈর্ঘ্য a, প্রস্থ b, কর্ণ d। আয়তক্ষেত্রটির ক্ষেত্রফল কত?

A. ab   B. ad   C. bd   D. 2ab

S Ⓐ Why আয়তক্ষেত্রের ক্ষেত্রফল = দৈর্ঘ্য × প্রস্থ।
আয়তক্ষেত্রের পরিসীমা = ২ (দৈর্ঘ্য + প্রস্থ)
আয়তক্ষেত্রের কর্ণ = $\sqrt{(\text{দৈর্ঘ্য})^2 + (\text{প্রস্থ})^2}$

08. কোন ভিটামিন রক্তপাত বন্ধ করতে সাহায্য করে?

A. ভিটামিন এ   B. ভিটামিন বি   C. ভিটামিন কে   D. ভিটামিন ডি

S Ⓒ Why ভিটামিন এ এর অভাবে -রাতকানা রোগ হয়।
• ভিটামিন বি এর অভাবে -বেরিবেরি রোগ হয়।
• ভিটামিন কে এর অভাবে - অধিক রক্তক্ষরণ হয়।
• ভিটামিন ডি এর অভাবে রিকেটস রোগ হয়।

09. বাংলাদেশের উষ্ণতম মাস কোনটি?

A. এপ্রিল   B. মার্চ   C. অক্টোবর   D. জানুয়ারি

S Ⓐ Why অ্যানালাইটিক তথ্য: বাংলাদেশের শীতলতম মাস → জানুয়ারি শরৎ-হেমন্ত ঋতু (অক্টোবর থেকে ডিসেম্বর)(মার্চ-মে) গ্রীষ্ম ঋতু।
▣ প্যারালাল তথ্য: বাংলাদেশের জলবায়ু নাতিশীতোষ্ণ জলবায়ু। মৌসুমী বায়ুর ফলে বাংলাদেশের জলবায়ু নাতিশীতোষ্ণ থাকে।

10. অসংরক্ষণশীল বল কোনটি?

A. বৈদ্যুতিক বল   B. চুম্বক বল   C. ঘর্ষণ বল   D. অভিকর্ষ বল

S Ⓒ Why ঘর্ষণ বল এর বিপরীত সরণ ঘটিয়ে পুনরায় যখন পূর্বের অবস্থানে ফেরত আনতে হয়, তখন পুনরায় ঘর্ষণ গতির উল্টোদিকে কাজ করে। ফলে মোট কৃতকাজের মান শূণ্য হয় না। ফলে ঘর্ষণ বল একটি অসংরক্ষণশীল বল।
▣ প্যারালাল তথ্য: বৈদ্যুতিক বল, চুম্বক বল, অভিকর্ষ বল- সবগুলো বলের ক্ষেত্রে প্রতি চক্রে কৃতকাজের মান শুণ্য হয়। অর্থ্যাৎ অর্ধচক্রে কোনো শক্তি অপচয় হয় না বা, হারিয়ে যায় না।

11. "বিশ্ব ম্যালেরিয়া দিবস" পালিত হয় –

A. ১৫ এপ্রিল   B. ২৫ এপ্রিল   C. ১৮ এপ্রিল   D. ১৩ এপ্রিল

S Ⓑ Why • ১৮ এপ্রিল → বিশ্ব ঐতিহ্য দিবস।
• ১৫ এপ্রিল → আন্তর্জাতিক সার্বজনীন সংস্কৃতি দিবস।
▣ প্যারালাল তথ্য:
• ৭ এপ্রিল → বিশ্ব হিমোফিলিয়া দিবস। • ২৩ এপ্রিল → বিশ্ব পুস্তকদিবস।
• ২৬ এপ্রিল → বিশ্ব চের নোবেল দিবস। • ২৮ এপ্রিল → শ্রমিক স্মৃতি দিবস।
• ২৯ এপ্রিল → আন্তর্জাতিক নৃত্য দিবস।

12. পিতা-পুত্রের বয়সের সমষ্টি ৫০ বছর। পিতার বয়স পুত্রের বয়সের 9 গুণ হলে পুত্রের বয়স কত ব ছর?

A. 5   B. 17   C. 15   D. 10

S Ⓐ Why ধরি, পুত্রের বয়স x; পিতার বয়স 9x
প্রশ্নমতে, $x + 9x = 50 \Rightarrow 10x = 50 \Rightarrow x = 5$ ∴ পুত্রের বয়স 5 বছর।

13. 1 থেকে 50 পর্যন্ত সংখ্যাগুলোর যোগফল কত?

A. 1190   B. 1175   C. 1275   D. 1350

S Ⓒ Why স্বাভাবিক সংখ্যার যোগফল = $\frac{\text{পদসংখ্যা} \times (\text{পদসংখ্যা} + ১)}{২}$

$$= \frac{n \times (n+1)}{2} = \frac{50 \times (50+1)}{2} = \frac{50 \times 51}{2} = \frac{2550}{2} = 1275$$

14. ইউনেস্কো কর্তৃক ৭ মার্চের ভাষনকে "ওয়ার্ল্ড'স ডকুমেন্টরী হেরিটেজ বা বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য" হিসেবে স্বীকৃতি প্রদান করা হয়?

A. ২০১৬ সালে   B. ২০১৮ সালে   C. ২০১৯ সালে   D. ২০১৭ সালে

S Ⓓ Why ২০১৭ সালের ৩০শে অক্টোবর ইউনেস্কো ৭ই মার্চের ভাষণকে "ডকুমেন্টরি হেরিটেজ" (বিশ্ব প্রমাণ্য ঐতিহ্য) হিসেবে স্বীকৃতি দেয়। এই ভাষণ সহ মোট ৭৭টি গুরুত্বপূর্ণ নথিকে একই সাথে স্বীকৃতি দেওয়া হয়। ইউনেস্কো পুরোবিশ্বের গুরুত্বপূর্ণ দলিলকে সংরক্ষিত করে থাকে।
▣ প্যারালাল তথ্য: বাংলাদেশের ইউনেস্কো এর ঐতিহ্যপূর্ণ স্থান তিনটি।
• বাগেরহাট (মসজিদের শহর।)
• পাহাড়পুর বৌদ্ধবিহার বা সোমপুর মহাবি।
• সুন্দরবন।

15. নিচের কোন বাক্যে বহুবচন ব্যবহৃত না হয়েও বহুবচন বোঝাচ্ছে?

A. রবীন্দ্র রচনাবলি ত্রিশ খণ্ডে পাওয়া যায়
B. মাঝিরা নৌকা চালায়
C. সমাজে নারীর ক্ষমতায়ন নিয়ে তিনি গবেষণা করছেন
D. ছাত্ররা এসে জড়ো হয়েছে

S Ⓒ Why বহুবচনে ব্যবহৃত শব্দ-রা, গুলা, গুলি গণ, বৃন্দ, মন্ডলী, বর্গ, কুল, সকল, সব, সমূহ। এখানে নারীর ক্ষমতায়ন বলতে সমাজের সকল নারীকে বোঝানো হয়েছে। কোনো বহুবচন ব্যবহার না করেই এটি বহুবচন বোঝাচ্ছে।

16. রোগ সৃষ্টিকারী অনুজীবকে বলা হয় –

A. প্যাথোজেন B. টক্সিন C. অ্যান্টিবডি D. অ্যান্টিজেন

S Ⓐ Why প্যাথোজেন: এর আভিধানিক অর্থ হচ্ছে অণুজীব বা জীবাত্ত। যেসব আণুবীক্ষণিক জীব মানুষ সহ অন্যান্য প্রাণীর রোগ সৃষ্টি করে থাকে সেগুলোকে প্যাথোজেন বলে।

যেমন: ভাইরাস, ব্যাকটেরিয়া, প্রোটোজোয়া পদের কিছু প্রাণী।

▣ **অ্যানালাইটিক তথ্য:**

- **টক্সিন:** এর অর্থ বিষ। এক প্রকার বিষাক্ত পদার্থ জীব বা জীবকোষের অভ্যন্তরে যা উৎপন্ন হয়।
- **অ্যান্টিজেন:** অনাক্রম্যতন্ত্র অ্যান্টিজেন (Ag) বলতে একটি আণবিক কাঠামো বোঝায় যা জীবাণু বা বহিরাগত কোন প্যাথোজেনের পৃষ্ঠে থাকতে পারে। এবং যা অ্যান্টিবডি বা বি-সেল অ্যান্টিজেন রিসেপ্টারের দ্বারা আবদ্ধ হয়।
- **অ্যান্টিবডি:** দেহের প্রতিরক্ষাতন্ত্র থেকে উৎপন্ন এক ধরণের দ্রবণীয় গ্লাইকোপ্রোটিন যা রোগ-ব্যাধি সৃষ্টিকারী নির্দিষ্ট অ্যান্টিজেনকে ধ্বংস করে তাকে অ্যান্টিবডি বলে।

17. আইলেটস অব ল্যাঙ্গারহ্যান্স মানবদেহের কোন অঙ্গে থাকে?

A. পাকস্থলি B. বৃক্ক C. অগ্ন্যাশয় D. ক্ষুদ্রান্ত্র

S Ⓒ Why অগ্নাশয়ের লোবিউলগুলোর ফাঁকে ফাঁকে কিছু বহুভুজরের কোষ অবস্থান করে এদের আইলেটস অব ল্যাঙ্গারহ্যান্স বা ল্যাঙ্গারহ্যান্সের দীপপুঞ্জ বলে।

▣ **অ্যানালাইটিক তথ্য:**

- **পাকস্থলি:** এখানে খাবার সংরক্ষিত থাকে এবং প্যারাইটাল স্তর থেকে HCl এসিড ক্ষরিত হয়।
- **বৃক্ক:** প্রতিবৃক্কে ১০ লক্ষ্য থেকে ১২ লক্ষ নেফ্রন রয়েছে। বৃক্কের মাধ্যমে প্রতি মিনিটে রক্ত ১২৫ ঘন সে.মি. তরল পরিশ্রুত হয়।
- ক্ষুদ্রান্ত: সেরোসা, পেশিস্তর, সাবমিউকোসা, মাসকিউলরিস, মিউকোসা ও মিউকোসা স্তর বিদ্যমান।

▣ **প্যারালাল তথ্য:**

☛ অগ্নাশয়ে ৪ ধরণের কোষ পাওয়া যায়। যথা:-

- **আলফা কোষ:** যা গ্লুকাগন পরিমাণ ক্ষরণ করে, যা রক্তে গ্লুকোজের পরিমাণ বৃদ্ধি করে।
- **বিটা কোষ:** এটি ইনসুলিন হরমোন ক্ষরণ করে যা রক্তে গ্লুকোজের পরিমাণ কমায়।
- **ডেল্টা কোষ:** এটি সোমাটোস্ট্যাটিন হরমোন ক্ষরণ করে, যা আলফা ও বিটা কোষের ক্ষরণ নিয়ন্ত্রন করে।
- **পিপি কোষ:** এটি প্যানক্রিয়েটিক পলিপেপটাইড ক্ষরণ করে।

18. নিচের কোনটি দুর্বল অ্যাসিড?

A. H_2SO_4 B. HNO_3 C. CH_2COOH D. HCl

S Ⓒ Why সবল এসিড হলো– HCl, HNO_3, H_2SO_4

19. রঞ্জন রশ্মি কে আবিষ্কার করেন?

A. মেরী কুরি B. উইলিয়াম রন্টজেন C. হেনরি বেকেরেল D. আইজ্যাক নিউটন

S Ⓑ Why ১৮৯৫ সালে জার্মান বিজ্ঞানী অধ্যাপক উইলহেলম রন্টজেন এক্স রশ্মি/রঞ্জন রশ্মি আবিষ্কার করেন।

▣ **প্যারালাল তথ্য:** ফরাসী বিজ্ঞানী হেনরি বেকেরেল তেজস্ক্রিয়তা আবিষ্কার করেন। আর তেজস্ক্রিয়তা নিয়ে উল্লেখযোগ্য গবেষণা করেন। মেরী কুরি ও পিয়েরে কুরি। আইজ্যাক নিউটন গতিসূত্র আবিষ্কারক।

20. "May you live long" – Which kind of sentence is this?

A. Optative B. Imperative C. Assertive D. Interrogative

S Ⓐ Why Optative sentence: যে সব বাক্যের সাহায্যে আমাদের মনের ইচ্ছা, আকাঙ্খা, শুভেচ্ছা, আর্শীবাদ, প্রার্থনা প্রকাশ করি তাকে Optative Sentence বলে।

সাধারণত may, wish বা long দিয়ে optative sentence শুরু হয় এবং sentence এর শেষে Full stop (,) থাকে।

1. May + subject + verb + বাকি অংশ।
2. Wish + subject + বাকি অংশ।
3. Long + verb + subject + বাকি অশ।

21. মানবদেহের রক্ত পরিসঞ্চালন প্রক্রিয়া কে আবিষ্কার করেছেন?

A. আলেকজান্ডার ফ্লেমিং B. এডওয়ার্ড জেনার C. লুই পাস্তর D. উইলিয়াম হার্ভে

S Ⓓ Why মানবদেহের রক্ত পরিসঞ্চালন প্রক্রিয়া উইলিয়ান হার্ভে আবিষ্কার করেন।

▣ **অ্যানালাইটিক তথ্য:**

- গুটি বসন্তের টিকা আবিষ্কার করেন→ এডওয়ার্ড জেনার।
- আধুনিক ব্যাকটেরিয়া ও লজির জনক বলা হয়→ লুই পাস্তর কে।
- আলেকজান্ডার ফ্লেমিং→ পেনিসিনিল আবিষ্কার করেন।

▣ **প্যারালাল তথ্য:**

- বোটানি ও জুওলজির জনক→ ক্যারেলাস লিনিয়াস।
- জেনেটিক্স এর জনক→ গ্রেগর জোহান মেন্ডেল।
- দ্বিপক নামকরণ এর প্রবর্তক→ ক্যারোলাস লিনিয়াস।
- শরীরবিদ্যার জনক → উইলিয়াম হার্ভে।
- ব্যাকটেরিওলজির জনক→ লিউয়েন হুক।
- ত্রিপদ নামকরনের প্রবর্তক→ শেগেল।

22. Fill in the blank with appropriate word: Show and steady .... the race.

A. has won B. wins C. won D. win

S Ⓑ Why And দ্বারা দুটি noun যুক্ত হওয়া স্বত্তেও যদি noun গুলো দ্বারা একটি ভাব প্রকাশ করে তাহলে verb টি Singular হয়। আর Subject যদি Third person singular number হয়, তখন verb এর সাথে s/es যোগ হয়। সুতরাং শূন্যের জায়গায় wins বসবে।

23. "অ্যান্থেনিও গুতেরেস" এর বিষয়ে নিচের কোনটি সঠিক নয়?

A. পর্তুগালের সাবেক প্রধানমন্ত্রী
B. জাতিসংঘের প্রাক্তন শরনার্থী বিষয়ক উপদেষ্টা
C. বিশ্ব স্বাস্থ্য সংস্থার মহাসচিব
D. জাতিসংঘের মহাসচিব

S Ⓒ Why অ্যান্থেনিও ম্যানুয়েল দে অলিভেরা গুতেরেস, লিসবনে জন্মগ্রহণকারী প্রখ্যাত পর্তুগীজ রাজনীতিবিদ, পুর্তগালের সাবেক প্রধানমন্ত্রী ও কূটনীতিবিদ। তিনি বর্তমানে জাতিসংঘের মহাসচিব হিসেবে নিযুক্ত রয়েছেন। এর পূর্বে জাতিসংঘ শরণার্থী বিষয়ক হাইকমিশনার ছিলেন।

অ্যানালাইটিক তথ্য:

বিশ্ব স্বাস্থ্য-সংস্থার মহাসচিব -ডক্টর টেড্রোস।

▣ **প্যারালাল তথ্য:**

☛ **বিভিন্ন সংস্থার বর্তমান প্রধান (মহাসচিব)–**

- জাতিসংঘ → এন্তোনিও গুতেরেস (পর্তুগাল)।
- সার্ক → আমজাদ হোসেন বি সিয়াল (পাকিস্তান)।
- ইউনেস্কো → আইরন বোকোভা (বুলগেরিয়া)।
- বিশ্বব্যাংক → কিম ইয়ং জিম, ১২ তম (দক্ষিণ কোরিয়া)।
- ও. আই. সি → ইউসুফ আহম্মদ আল ওথাইমিন।
- আসিয়ান (সেক্রেটারি জেনারেল) → লি লিং মিন।
- বিমসটেক → এম শহিদুল ইসলাম (প্রথম বাংলাদেশী মহাসচিব)।

24. নিচের কোনটি সরল বাক্য?

A. পরিশ্রমীরা জীবনে সফল হয় B. সে এখানে এলো এবং বসে পড়ল C. লোকটি নিরক্ষর, কিন্তু অভদ্র নয় D. বিপদ ও দুঃখ একসাথে আসে

S Ⓐ Why যে বাক্যে একটি মাত্র কর্তা (উদ্দেশ্য) এবং একটি মাত্র সমাপিকা ক্রিয়া (বিধেয়) থাকে, তাকে সরল বাক্য বলে।

যেমন: পুকুরে পদ্মফুল জন্মে।

খোকা আজ সকালে স্কুলে গিয়েছে।

25. $a+\frac{1}{a}=3$ হলে $a^2+\frac{1}{a^2}$ এর মান কত?

A. 9 B. 7 C. 11 D. 6

S Ⓑ Why দেওয়া আছে, $a+\frac{1}{a}$

প্রদত্ত রাশি $= a^2+\frac{1}{a^2}=\left(a+\frac{1}{a}\right)^2-2a.\frac{1}{a}=(3)^2-2=9-2=7$

Academic & Admission
We Rise By Lifting Others

26. "জাব্বারের বলিখেলা" কোন এলাকার ঐতিহ্যবাহী খেলা?
A. রংপুর B. ময়মনসিংহ C. বরিশাল D. চট্টগ্রাম

SⒹWhy **জাব্বারের বলীখেলা:** চট্টগ্রামের আঞ্চলিক ভাষায় কুস্তী 'বলী খেলা' নামে পরিচিত। চট্টগ্রামের লালদিঘী ময়দানে প্রতি বছরের ১২ বৈশাখে অনুষ্ঠিত হয় জাব্বারের বলীখেলা। ১৯০৯ সালে চট্টগ্রামের বদরপাতি এলাকার ধনাঢ্য ব্যবসায়ী আবদুল জাব্বার সওদাগর এই প্রতিযোগিতার সূচনা করেন। তাই মৃত্যুর পর এই প্রতিযোগিতা জাব্বারের বলী খেলা নামে পরিচিত লাভ করে।

অ্যানালাইটিক তথ্য:

হমগুটি→ ময়মনসিংহের ফুলবাড়িয়া উপজেলার লক্ষীপুরের বড়ই আটায় তালুক-পরগণার সীমানায় অনুষ্ঠিত ঐতিহ্যবাহী খেলা। ব্রিটিশ আমলে জমিদারের জমি পরিমাপের বিরোধের মীমাংসা করতে আয়োজিন হয়েছিল এই খেলার।

মার্বেল খেলা→ বরিশাল পৌষ সংক্রান্তি উপলক্ষে আগেল-ঝাড়া উপজেলায় ২৪০ বছর ধরে মার্বেল খেলার আয়োজন হয়ে আসছে।

প্যারালাল তথ্য:

- বউচি বাংলাদেশের একটি গ্রামীণ ও ঐতিহ্যবাহী খেলা। বউচি খেলায় দুইটি দলের প্রয়োজন হয়।
- বাংলাদেশের জাতীয় খেলা কাবাডি।

27. Which one is the correct spelling?
A. Redious B. Radius C. Redius D. Radious

SⒷWhy Radius হলো Correct spelling বাকি অপশনগুলো ভুল spelling.

গুরুত্বপূর্ণ বানান–

- Ettiqute→ শিষ্টাচার।
- Misspell→ বানান ভুল
- Accelerate→ গতিবৃদ্ধি
- Lieutenant→ কর্মকর্তা
- Millennium→ সহস্র বছর
- Grabage→ আবর্জনা
- Tsunami→ সুনামি

28. নিচের কোনটি যৌগিক ক্রিয়ার উদাহরণ?
A. লজ্জা পাওয়া B. গান করা C. হেসে উঠা D. মার খাওয়া

SⒸWhy **যৌগিক ক্রিয়া:** একটি সমাপিকা ও একটি অসমাপিকা ক্রিয়া যদি একত্রে একটি বিশেষ বা সম্প্রসারিত অর্থ প্রকাশ করে তবে তাকে যৌগিক ক্রিয়া বলে। যেমন: ঘটনাটা শুনে রাখ, তিনি বলতে লাগলেন, সাইরেন বেজে উঠল।

29. পাকস্থলি প্রাচীরের কোন কোষ হাইড্রোক্লোরিক এসিড (HCl) নিঃসরণ করে?
A. চিফ কোষ B. গবলেট কোষ
C. মিউকাস নেক কোষ D. প্যারাইটাল কোষ

SⒹWhy **অক্সিনটিক কোষ:** এগুলো প্যারাইটাল কোষ নামে পরিচিত এবং HCl এসিড উৎপন্ন করে।

অ্যানালাইটিক তথ্য:

- **মিউকাস কোষ:** এসব কোষ পিচ্ছিল ক্ষারীয় মিউকাস উৎপন্ন করে।
- **জাইমোজেনিক কোষ:** জাইমোজেনিক কোষকে চীফ কোষ বলে। একোষ থেকে নিষ্ক্রিয় পেপসিনোজেন উৎপন্ন হয়।
- গবলেট কোষ: ক্ষুদ্রান্তের মিউকোসতে গবলেট ও শোষণক্ষম কোষ রয়েছে।

প্যারালাল তথ্য:

- আর্জেন্টাফিন কোষ: এরা গ্যাস্ট্রিক ইনট্রিনসিক ফ্যাক্টর সৃষ্টি করে।
- অগ্ন্যাশয় থেকে নিঃসৃত হরমোন:
- আলফা কোষ: এটি গ্লুকাগন হরমোন ক্ষরণ করে, যা রক্তে গ্লুকোজের পরিমাণ বৃদ্ধি করে।
- বিটা কোষ: ইনসুলিন হরমোন ক্ষরণ করে যা রক্তে গ্লুকোজের পরিমাণ কমায়।
- ডেল্টা কোষ: এটি সোমাটোস্ট্যাটিন হরমন ক্ষরণ করে, যা আলফা ও বিটা কোষের ক্ষরণ নিয়ন্ত্রন করে।
- পিপি কোষ: এটি প্যানক্রিয়েটিক পলিপেপটাইড ক্ষরণ করে।

30. "মোরা একটি ফুলকে বাঁচাবো বলে যুদ্ধ করি" গানের গীতিকার কে?
A. মোহাম্মদ রফিকুজ্জামান B. সলিল চৌধুরী
C. আপেল মাহমুদ D. গোবিন্দ হালদার

SⒹWhy
- জয় বাংলা বাংলার জয় গীতিকার→ গাজী মাজহারুল আনোয়ার, সুরকার আনোয়ার পারভেজ।
- সেই রেল লাইনের ধারে মেঠো পথটার পাড়ে গীতিকার→ মোহাম্মদ রফিকুজ্জামান, সুরকার আহমেদ ইমতিয়াস বুলবুল।
- মোরা একটি ফুলকে বাঁচাব বল গীতিকার→ গোবিন্দ হালদার, সুরকার আপেল মাহমুদ।
- একসাগর রক্তের বিনিময়ে বাংলার স্বাধীনতা আনলে যারা গীতিকার→ গোবিন্দ হালদার, সুরকার আপেল মাহমুদ।
- আমি বাংলায় গান গাই গীতিকার ও সুরকার→ প্রতুল মুখোপাধ্যায়।
- এই পদ্মা, এ মেঘনা গীতিকার ও সুরকার→ আবু জাফর।
- ধনধান্য পুষ্পে ভরা গীতিকার ও সুরকার→ দ্বিজেন্দ্রলাল রায়।

31. 'জ্ঞাতিবধবেদনা' শব্দটির অর্থ কোনটি?
A. আঘাতপ্রাপ্ত হলে যে বেদনা
B. কারো মৃত্যুর কারণে তৈরী হওয়া যন্ত্রণা
C. আত্মীয় হত্যার যন্ত্রণা
D. বিচ্ছেদ বা দূরত্ব তৈরী হওয়ার জন্য যন্ত্রণা

SⒸWhy জ্ঞাতিবধবেদনা→ আত্মীয় হত্যার যন্ত্রণা।
রণস্থল→ যুদ্ধ করার স্থান।

32. In a nutshell means –
A. in details B. large description
C. briefly D. elaborately

SⒸWhy In a nutshell → অতি সংক্ষেপে; দুকথায়; সংক্ষেপে যা অপশনগুলোর মধ্যে briefly কে সমর্থন করে।

অ্যানালাইটিক তথ্য:

- Indetail→ পুঙ্খানুপুঙ্খভাবে
- Large descripfon→ বৃহৎ আলোচনা।
- elaborately→ বিস্তারিতভাবে।

প্যারালাল তথ্য: All ofr a sudden → হঠাৎ।

- All the same → একইরূপ।
- After all → তৎসত্ত্বেও।
- At Last → অবশেষে।
- At times → সময়-সময়
- By all means → সকল প্রকারে
- By and Large → মোটামুটি ভাবে
- By way of → হিসাবে

33. তাপমাত্রা 40° সেলসিয়াস হলে ফারেনহাইট স্কেলে কত?
A. 104°F B. 213°F C. 72°F D. 40°F

SⒶWhy $C = 40°C$ $F = ?$

$$\frac{C}{5}=\frac{F-32}{9}\Rightarrow F-32=9\times\frac{C}{5}\Rightarrow F=\frac{9C}{5}+32=\frac{9\times 40}{5}+32=104°F$$

প্যারালাল তথ্য:

$\frac{c}{100}=\frac{F-32}{180}=\frac{k-273}{100}$ সমীকরণটি দিয়ে C ও F, C ও K, F ও K এর মধ্যকার মান/সম্পর্ক নির্ণয় করা যায়।

34. দুটি বস্তুর ঘর্ষণের ফলে যে তাপ উৎপন্ন হয়, এটি কোন ধরনের প্রক্রিয়া?
A. প্রত্যাবর্তী প্রক্রিয়া B. অপ্রত্যাবর্তী প্রক্রিয়া
C. রুদ্ধতাপীয় প্রক্রিয়া D. সমোষ্ণ প্রক্রিয়া

SⒷWhy **অ্যানালাইটিক তথ্য:** দুটি বস্তুর ঘর্ষণের ফলে উৎপন্ন তাপ পুনরায় ফেরত পাওয়া সম্ভব নয়। কারণ উৎপন্ন তাপ সম্পূর্ণরূপে এবং স্থায়ীভাবে ভিন্নরূপ শক্তিতে পরিবর্তিত হয়ে গিয়েছে। ফলশ্রুতিতে এটি একটি অপ্রত্যাবর্তী প্রক্রিয়া।

প্যারালাল তথ্য: প্রত্যাবর্তী প্রক্রিয়ায় মোট শক্তি শূন্য হয়। রুদ্ধতাপীয় প্রক্রিয়ায় তাপশক্তির পরিমাণ স্থির/ধ্রুব। সমোষ্ণ প্রক্রিয়ার তাপমাত্রার পরিমাণ স্থির/থাকে।

35. William Shakespeare was –
A. Philosopher B. Scientist C. Politician D. Playwriter

SⒹWhy জন্ম: ২৩ এপ্রিল, ১৫৬৪ সালে ইংল্যান্ডে।
পেশা: Playwright, Post, actor.
গুরুত্বপূর্ণ লেখনি: Hamlet, Romeo and Julict, othello, king lear and macbeth এগুলো ট্রাজেডী।
মৃত্যু: ২৩ এপ্রিল, ১৬১৬ সালে।

প্যারালাল তথ্য: রবার্ট প্যাট্রিক: একজন আমেরিকান নাট্যকার, কবি, গীতিকার, ছোট গল্প লেখক এবং উপন্যাসিক।
জর্জ বার্নার্ড শ: একজন আইরিশ নাট্যক, তিনি ম্যান অ্যান্ড সুপারম্যান পিগম্যালিয়ন ও সেন্ট জোন ষাটের অধিক নাটক, রচনা করেন।

36. **Choose the correct sentence –**
A. Smoking is injurious to health.
B. Smoking is injurious with health.
C. Smoking is injurious for health.
D. Smoking is injurious on health.
S(A) Why injurious to→ ক্ষতিকর অর্থে ব্যবহৃত হয়। ক্ষতিকর অর্থে ব্যবহৃত হলে word এর সাথে to preposition বসে। যেমনঃ- harmful to detrimental to

37. **The correct translation of "রবিবার হইতে বৃষ্টি হইতেছিল" is –**
A. It has been raining from Sunday.
B. It had been raining since Sunday.
C. It was raining from Sunday.
D. It rained since Sunday.
S(B) Why নির্দিষ্ট সময় বা শুরুর সময় বোঝালে Since বসে। অনির্দিষ্ট সময় বা মোট সময় বোঝালে for বসে।
প্রশ্নের sentence টি past tense এবং রবিবার নির্দিষ্ট বা শুরুর সময়। সুতরাং option b সঠিক।

38. **"ছাড়পত্র" কাব্যগ্রন্থটির কবি কে?**
A. জীবনানন্দ দাশ B. নির্মলেন্দু গুণ C. সুকান্ত ভট্টাচার্য D. ঈশ্বরচন্দ্র গুপ্ত
S(C) Why ছাড়পত্র কাব্যগ্রন্থটি সুকান্ত ভট্টাচার্য কর্তৃক রচিত একটি কাব্যগ্রন্থ। এ কাব্যগ্রন্থটি প্রকাশিত হয় ১৯৪৭ সালে।

39. **বাম দিকের শব্দের সঠিক বিপরীত শব্দ নয় কোনটি?**
A. বিশ্বাস – সামান্য B. ইস্তফা – নিবৃত্ত
C. রিক্ত – পূর্ণ D. নিশ্চেষ্ট – সচেষ্ট
S(B) Why A এবং B; এখানে, বিশ্বাস→ অবিশ্বাস। ইস্তফা→ যোগদান।

40. **বাংলাদেশের প্রথম নারী এভারেস্ট পর্বতারোহী কে?**
A. মারিয়া নুর B. নিশাত মজুমদার
C. সাদিয়া শারমিন D. ওয়াজফিয়া নাজরিন
S(B) Why নিশাত মজুমদার একজন বাংলাদেশী যিনি, প্রথম বাংলাদেশী নারী হিসেবে ২০২২ সালের ১৯ মে শনিবার সকাল নয়টা ৩০ মিনিটে এভারেস্ট শৃঙ্গ জয় করেন।
অ্যানালাইটিক তথ্য:
- মারিয়া নূর: একজন বাংলাদেশী মডেল, উপস্থাপিকা এবং অভিনেত্রী।
- ওয়াসফিয়া নাজরীন: একজন বাংলাদেশী পর্বতারোহী। তিনি এখনো পর্যন্ত সর্বকনিষ্ট বাংলাদেশী এবং দ্বিতীয় বাংলাদেশী হিসেবে ২০২২ সালের ২৬ মে শনিবার সকাল পৌনে ৭ টায় বিশ্বের সর্বোচ্চ পর্বতশৃঙ্গ এভারেস্টের চূড়ায় আরোহণ করেন।

প্যারালাল তথ্য: মুসা ইবরাহীম একজন বাংলাদেশী পর্বতারোহী এবং সাংবাদিক যিনি প্রথম বাংলাদেশী হিসেবে মাউন্ট এভারেস্ট জয় করেছেন। সংবাদ মাধ্যমে প্রকাশিত সংবাদ অনুযায়ী তিনি ২৩ মে ২০১০ তারিখে বাংলাদেশ সময় ভোর ৫টা ৫মিনিটে এভারেস্ট শৃঙ্গ জয় করেন।

41. **নিচের কোনটি এডিস (Aedes) মশা বাহিত রোগ নয়?**
A. চিকুনগুনিয়া B. জিকা C. ডেঙ্গু D. ম্যালেরিয়া
S(C) Why ম্যালেরিয়া: ম্যালেরিয়া হচ্ছে Anopheles মশকীবাহিত এক ধরনের জ্বর রোগ।
অ্যানালাইটিক তথ্য: এডিস মশবাহিত রোগ: চিকুনগুনিয়া, জিকা, ডেঙ্গু ইত্যাদি Aedes মশাবাহিত রোগ।

42. **Choose the correctly spelled word –**
A. Nominy B. Nominee C. Nomini D. Nomeeni
S(B) Why Important spelling: Extension, License, Remittance, Misspell, Leisure, Terror, Occurrence, Tolerate, Embarrass, Diarrhoea, Bureaucracy, Dilemma, Commission, Dysentery, Jewellery, Shakespeare, Missionary, Psychology, Illuminate, Achivement, Excyclopedia etc.

43. **বায়ুমন্ডলের তাপমাত্রা বৃদ্ধিতে কোন গ্যাসটির ভূমিকা সবচেয়ে বেশী?**
A. নাইট্রাস অক্সাইড B. মিথেন
C. কার্বন ডাই অক্সাইড D. অ্যামোনিয়াম হাইড্রোক্সাইড
S(C) Why CO_2 আদর্শ তাপমাত্রা ও চাপে গ্যাসীয় অবস্থায় বিরাজ করে এবং এই অবস্থায় পৃথিবীর বায়ুমন্ডলে বিদ্যমান যেখানে ট্রেস গ্যাস হিসাবে এর ঘনত্ব ০.০৩৯%.

44. **কোনটি শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের উপন্যাস নয়?**
A. গৃহদাহ B. চোখের বালি C. দত্তা D. দেবদাস
S(B) Why শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের উপন্যাস গুলো হলো:- বড়দিদি, পরিনীতা, পল্লীসমাজ, দেবদাস, চরিত্রহীন, শ্রীকান্ত, দত্তা, গৃহদাহ, পথের দাবী শেষ প্রশ্ন ইত্যাদি।
চোখের বালি→ রবীন্দ্রনাথ ঠাকুরের রচিত একটি উপন্যাস।

45. **নিচের কোনটি লিভারের গ্লাইকোজেনকে ভেঙ্গে রক্তে গ্লুকোজের পরিমাণ বৃদ্ধি করে?**
A. ইনসুলিন B. রেনিন C. গ্লুকাগন D. থাইরোক্সিন
S(C) Why ইনসুলিন→ রক্তে গ্লুকোজের মাত্রা কমায়।
- গ্লুকাগন→ রক্তে গ্লুকোজের মাত্রা বাড়ায়।
- রেনিন→ একধরনের এনজাইম।
- থাইরোক্সিন→থাইরয়েড গ্রন্থি থেকে নিঃসৃত হরমোন।

46. **ডিনামাইট তৈরীতে কোন যৌগটি ব্যবহৃত হয়?**
A. নাইট্রোফেনল B. নাইট্রোগ্লিসারিন C. নাইট্রোবেনজিন D. নাইট্রোটলুইন
S(B) Why ডিনামাইট এক ধরনের বিস্ফোরক, নোবেল পুরস্কারের প্রবর্তক আলফ্রেড নোবেল ডিনামাইট আবিষ্কার করে।

47. **নিচের পদ্ধতিসমূহের মধ্যে সার্জিক্যাল ইন্সট্রুমেন্ট জীবাণুমুক্ত করার জন্য সর্বোত্তম কোনটি?**
A. হট এয়ার ওভেন B. ফরমালডিহাইড
C. ফুটানো D. অটোক্লেভ
S(B) Why রূপান্তরিত শিলা হলো পাললিক ও আগ্নেয় শিলার নতুন রূপ, যা আগ্নেয় ও পাললিক শিলা হতে ভিন্নধর্মী। উদাহরণ জিনেস, স্লেট, মার্বেল, শিস্ট, এবং কোয়ার্টজাইট।

48. **কোনটি রূপান্তরিত শিলা?**
A. গ্রানাইট B. বেলেপাথর C. গ্যালেনা D. কয়লা Ans D

49. **বাক্যের সাধু ও চলিত রীতির মিশ্রণকে বলে –**
A. আঞ্চলিক দোষ B. বাহুল্য দোষ C. গুরুচণ্ডালী দোষ D. উপমার দোষ
S(C) Why বাহুল্য দোষ→ বাক্যে প্রয়োজনের অতিরিক্ত শব্দ ব্যবহারে বাহুল্য দোষ ঘটে।

50. **নিচের কোনটি ফেরোচৌম্বক পদার্থ নয়?**
A. নিকেল B. লোহা C. কোবাল্ট D. সীসা
S(C) Why অ্যানালাইটিক তথ্য: ফেরোচৌম্বক পদার্থগুলো হলো- লোহা, নিকেল, কোবাল্ট। প্রশ্নে জানতে চাওয়া হয়েছে কোনটি ফেরোচৌম্বক পদার্থ নয়। এক্ষেত্রে সীসা হলো ডায়াচৌম্বক পদার্থ। অর্থাৎ, এরা চৌম্বকক্ষেত্রে অবস্থানকালে চৌম্বকক্ষেত্রের বিপরীত দিকে চৌম্বকত্ব লাভ করে।

51. **কোন পদ্ধতিতে ধানের তুষ থেকে ভোজ্য তেল নিষ্কাশন করা হয়?**
A. স্টিম পাতন B. কলাম ক্রোমাটোগ্রাফি
C. দ্রাবক নিষ্কাশন D. আংশিক পাতন
S(D) Why দ্রাবক নিষ্কাষণ: ১. নারিকেলের শাঁসের গুড়া থেকে নারিকেল তৈল; ২. শস্যবীজ থেকে সুগন্ধি তৈল; ৩. মরিচের গুড়া থেকে ঝাঁঝালো লাল রং; ৪. ধানের তুষ ও চাউলের কুঁড়া থেকে ভোজ্য তেল নিষ্কাষণ করা।

52. **মুক্তিযুদ্ধভিত্তিক গ্রন্থগুলোর পাশে উল্লিখিত লেখকের নাম কোনটি সঠিক নয়?**
A. জোছনা ও জননীর গল্প – হুমায়ূন আহমেদ
B. একাত্তরের চিঠি – আনিসুল হক
C. একাত্তরের ডাইরি – বেগম সুফিয়া কামাল
D. একাত্তরের দিনগুলি – জাহানারা ইমাম
S(B) Why একাত্তরের দিনগুলি বাংলাদেশী কথাসাহিত্যিক জাহানারা ইমাম রচিত মুক্তিযুদ্ধভিত্তিক গ্রন্থ। বইটি প্রথম প্রকাশিত হয় ১৯৮৬ সালের ফেব্রুয়ারি মাসে।

▣ অ্যানালাইটিক তথ্য: একাত্তরের চিঠি: ১৯৭১ সালের বাংলাদেশের মুক্তিযুদ্ধ চলাকালীন ৮৬ টি চিঠির একটি পত্রসংকলন। দৈনিক প্রথম আলো ও গ্রামীণফোনের উদ্যোগে চিঠিগুলো প্রথম সংগ্রহ করা হয়। সংকলনটি প্রথম প্রকাশিত হয়, চৈত্র ১৪১৫, মার্চ ২০০৯ এ। ইতিহাসবিদ অধ্যাপক সালাউদ্দীন আহমদ ছিলেন সম্পাদনা পরিষদের সভাপতি।

- একাত্তরের ডাইরী→ ১৯৭১ সালে লেখা সুফিয়া কামালের দিনলিপিতে উঠে এসেছে একাত্তরের যুদ্ধকালীন সময়ের যুদ্ধবিধ্বস্ত বাংলাদেশের নানা মূহুর্ত। যা ঔ সময়ের আতঙ্কগ্রস্ত বিধ্বস্থ জীবনকে উপলব্ধি করতে পাঠকদের সহায়তা করে।
- জ্যোৎস্না ও জননীর গল্প: বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের উপর ভিত্তি করে হুমায়ূন আহমেদ রচিত একটি উপন্যাস।

▣ প্যারালাল তথ্য:

- মা→ আমিনুল হক
- মুক্তিযুদ্ধের ইতিহাস→ নীলিমা ইব্রাহীম
- আমার মুক্তিযুদ্ধ→ আনিসুজ্জামান
- চরমপত্র→ এম আর আকতার মুকুল
- আমি বিজয় দেখেছি→ এম আর আকতার মুকুল

53. 'সমুদ্র' এর প্রতিশব্দ নয় কোনটি?
A. অর্ণব B. রত্নাকর C. পারাপার D. অঙ্গীকার

S D Why সমুদ্র শব্দের প্রতিশব্দ গুলো হলো:- অর্ণব, জলধি, উদধি, পয়োধি, তোয়ধি, পারাবার, সাগর, সিন্ধু, বারিধি, রত্নাকর।

54. নিচের কোন সংখ্যাটি মৌলিক সংখ্যা নয়?
A. 2 B. 4 C. 3 D. 1

S B Why মৌলিক সংখ্যা- যে সংখ্যার ১ এবং ঐ সংখ্যা ছাড়া অন্য কোনো গুণনীয়ক নেই তাকে মৌলিক সংখ্যা বলে।
২ এবং ৩ উভয়ই মৌলিক সংখ্যা।
১ সংখ্যাটি মৌলিকও নয়, যৌগিকও নয়

55. নিচের কোনটি অদাহ্য পদার্থে?
A. হিলিয়াম B. পেট্রোলিয়াম C. বেনজিন D. ইথার

S A Why যে সকল পদার্থে সহজেই আগুন ধরে যায় ও প্রচুর তাপ উৎপন্ন হয় তাদেরকে দাহ্য পদার্থ বলে। যেমন: বেনজিন, পেট্রোলিয়াম, ইথার।

56. 'দেশ' একটি –
A. ধানের নাম B. ফলের নাম C. পত্রিকার নাম D. মিষ্টির নাম

S C Why দেশ: পশ্চিমবঙ্গের সাহিত্য বিষয়ক বাংলা পাক্ষিক পত্রিকা, যা কলকাতা থেকে প্রকাশিত হয়। প্রথম সম্পাদক ছিলেন সত্যেন্দ্রনাথ মজুমদার।

▣ অ্যানালাইটিক তথ্য: ধানের নাম: পঙ্খীরাজ, গোবিন্দভোগ, জামাইভোগ, মোগাইবালাম, রূপকথা, রাধুনীপাগল, কিংবা পাঙ্গাস।
মিষ্টির নাম: অমৃতি, মন্ডা, বোঁদে, চনার গোজা, ছানামুখী, চমচম, কালোজাম, ল্যাংচা, লেডিকেনি, মালপেয়া, মিহিদোনা, পাটিসাপটা ইত্যাদি।

▣ প্যারালাল তথ্য: বাংলাদেশের জনপ্রিয় পত্রিকার নাম: প্রথম আলো, কালের কণ্ঠ, বিডি২৪ লাইভ, বিডি নিউজ ২৪, বাংলাদেশে প্রতিদিন (বিডি প্রতিদিন) যুগান্তর দৈনিক ইত্তেফাক ইত্যাদি।

57. Choose the correct sentence.
A. The train is running with time.
B. The train is running in time.
C. The train is running on time.
D. The train is running by time.

S C Why On এর ব্যবহার: বার, দিন, তারিখ, নির্দিষ্ট সময় এর পূর্বে On বসে। তাই Answer.C হয়েছে।

▣ অ্যানালাইটিক তথ্য: সাথে দ্বারা/দিয়ে বুঝাতে With বসে।
eg: He came with me.
সময়ের ক্ষেত্রে বছর/মাসের পূর্বে In বসে।
eg; He was born in 1990
সুনির্দিষ্ট (সময়) বুঝাতে by বসে।
eg: He will came back by 5 pm

▣ প্যারালাল তথ্য: (i) কোন কিছুর উপর সংলগ্ন বুঝাতে on বসে।
eg; keep the laptop on the table
(ii) নদীর তীরে বুঝাতে on বসে।
eg: He work an essay on motherland

58. ওয়েবসাইটের ঠিকানায় ব্যবহৃত 'HTTP' এর পূর্ণরূপ কী?
A. Hyper Text Transition Protocol
B. High Texture Transcription Protocol
C. Hyper Text Transfer Protocol
D. Hyper Test Transmission Protocol

S C Why প্যারালাল তথ্য:

- IP→ Internet Protocol
- URL→ Uniform Resource Locafor
- USB→ Universal Serial Bus
- VIRUS→ Vital Information Resourec Under Seized
- 3G→ 3rd Generation
- MP3→ MDEG Player III
- WWW→ Would Wide Web
- DVD→ Digital Versatile Disk

59. নিচের কোন তরঙ্গটির তরঙ্গদৈর্ঘ্য সবচেয়ে বেশী?
A. গামা B. বেতার C. অবলোহিত D. অতিবেগুনি

S B Why তরঙ্গদৈর্ঘ্যের পরিসর: 10^{-4}m - 5×10^{4}m

▣ প্যারালাল তথ্য:

- অবলোহিত: 10^{-3}m - 4×10^{-7}m
- অতিবেগুনী: 5×10^{-7}m - 5×10^{-9}m
- গামা: $< 5 \times 10^{-11}$m - 5×10^{-15}m

60. নিচের কোন উদাহরণে ভাববাচক বিশেষণ রয়েছে?
A. পাথুরে মূর্তি B. লোকটা ধার্মিক C. খুব সুন্দর ছবি D. এক টন রড

S C Why ভাববাচক বিশেষণ: যেসব বিশেষণ বাক্যের অন্তর্গত অন্য বিশেষণকে বিশেষিত করে। সেসব বিশেষণকে ভাববাচক বিশেষণ বলে। যেমন- খুব ভালো খবর, গাড়িটা বেশ জোরে চলছে।

61. Full form of CGPA is –
A. Certificate Grade Point Average
B. Current Grade Point Average
C. Complex Grade Point Average
D. Comolative Grade Point Average

S D Why

- BBC→ British broadcasting corporationl
- ICT → Information & communication tecnology
- WWW → World wide web
- BARD → Bangladesh Academy Rural development
- BARI → Bangladesh Agricultural Research Institution

62. কাজী নজরুল ইসলাম সম্পাদিত পত্রিকা কোনটি?
A. ধূমকেতু B. সমাচার দর্পণ C. সমকাল D. সবুজপত্র

S A Why ধূমকেতু:
সম্পাদক: কাজী নজরুল ইসলাম।
পত্রিকা: অর্ধসাপ্তাহিক
প্রথম প্রকাশ: ১১ আগস্ট ১৯২২
সর্বশেষ প্রকাশ: মার্চ ১৯২৩

▣ অ্যানালাইটিক তথ্য:

- সমাচার দর্পণ→ প্রথম বাংলা সংবাদপত্র। পত্রিকাটি ছিল সাপ্তাহিক। ১৮১৮ খ্রিষ্টাব্দের ২৩ মে তারিখে এটি প্রথম প্রকাশিত হয়। সম্পাদক ছিলেন জন ক্লার্ক ম্যার্শম্যান।
- সবুজপত্র→ বিংশ শতাব্দীর প্রথম ভাগে বাংলা ভাষার অন্যতম সাময়িক পত্রিকা ছিল সবুজপত্র। সাহিত্যিক প্রমথ চৌধুরীর সম্পাদনায় এটি প্রকাশিত হতো। এর প্রথম প্রকাশ বাংলা ১৩২১ সালে।
- সমকাল: বাংলাদেশ (তৎকালীন পূর্ব পশ্চিম থেকে প্রকাশিত বাংলা ভাষার অন্যতম বিখ্যাত সাহিত্য পত্রিকা।) এর সম্পাদক ছিলেন কবি সিকান্দার আবু জাফর।

63. কোন রঙের আলোর বেগ সবচেয়ে কম?

A. নীল B. লাল C. সবুজ D. বেগুনি

S D Why বেগুনি আলোর তরঙ্গদৈর্ঘ্য সবচেয়ে "বেনীআসহকলা" ক্রমতে।
$v = f\lambda$ সূত্রানুযায়ী তাই বেগুনী আলোর বেগ সবচেয়ে কম।

প্যারালাল তথ্য:

তরঙ্গদৈর্ঘ্যের ক্রম: বেগুনী < নীল < .... < সবুজ < .... < লাল

64. নিচের কোনটি বিভাগীয় শহর?

A. নাটোর B. দিনাজপুর C. বগুড়া D. রংপুর

S D Why বিভাগ ৮টি । যথা- ঢাকা, চট্টগ্রাম, রংপুর, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট, ময়মনসিংহ।

65. Choose the correct sentence from the following.

A. One should obey their parants.
B. One should obey the parents.
C. One should obey once parents.
D. One should obey one's parents.

S D Why One যুক্ত Subject এর object সবসময় one's হয়। তাই Answer D হয়েছে।

66. টেকনাফ ও তেতুলিয়া কোন দুটি জেলায় অবস্থিত?

A. কক্সবাজার ও দিনাজপুর B. কক্সবাজার ও পঞ্চগড়
C. চট্টগ্রাম ও কুড়িগ্রাম D. বান্দরবান ও নীলফামারী

S B Why বাংলাদেশের সবচেয়ে দক্ষিণের জেলা- কক্সবাজার। বাংলাদেশের সবচেয়ে উত্তরের জেলা-পঞ্চগড়। বাংলাদেশের ৮টি বিভাগের মধ্যে ২টি বিভাগ ঢাকা ও বরিশালের সাথে ভারতের কোনো সংযোগ নেই। দুটি দেশের সাথে বাংলাদেশের সীমানা রয়েছে-ভারত ও মায়ানমার।

67. The correct translation of "ট্রেনটি ঢাকা যাবে" is–

A. The train is leaving for Dhaka.
B. The train is bound for Dhaka.
C. The train is going to Dhaka.
D. The train went to Dhaka.

S B Why Bound for অর্থাৎ কোনো স্থানে গমনরত বা ভবিষ্যতে কোন স্থানে গমনে প্রস্তুত বুঝাতে ব্যবহৃত হয়। তাই Answer B হয়েছে।

68. একুশে ফেব্রুয়ারীকে "আন্তর্জাতিক মাতৃভাষা দিবস" ঘোষণা করে কোন সংস্থা?

A. বিশ্বব্যাংক B. ইউনিসেফ
C. ইউনেস্কো D. জাতিসংঘ

S C Why ১৯৯৯ খ্রিষ্টাব্দের ১৭ নভেম্বর অনুষ্ঠিত ইউনেস্কার প্যারিস অধিবেশনে প্রস্তাবিত করা হয় ও এতে ১৮৮ টি দেশ সমর্থন জানালে একুশে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা হিসেবে ঘোষণা করা হয়। এবং ২০০০ সালের ২১ শে ফেব্রুয়ারি থেকে জাতিসংঘের সদস্যদেশসমূহ যথাযথ মর্যাদায় পালিত হয়ে আসছে।

অ্যানালাইটিক তথ্য: বিশ্বব্যাংক;
প্রতিষ্ঠিত: জুলাই ১৯৪৪।
ধরন: আন্তর্জাতিক আর্থিক সংস্থা।
সদস্য পদ: ১৮৯ টি রাষ্ট্র,১৭৩ টি রাষ্ট্র।

ইউনিসেফ:-
সংস্থার ধরণ→ জাতিসংঘ শিশু তহবিল।
সংক্ষিপ্ত নাম→ ইউনিসেফ।
প্রতিষ্ঠাকাল→ ডিসেম্বর ১৯৪৬।
প্রধান কার্যালয়→ নিউইয়র্ক, মার্কিন যুক্তরাষ্ট্র।

জাতিসংঘ:
প্রতিষ্ঠাকাল→ ১৯৪৫ সাল।
সদর দপ্তর→ ম্যানহাটন নিউইয়র্ক সিটি।
দাপ্তরিক ভাষা: আরবি, চীনা, ইংরেজী, ফরাসি, রুশ স্পেনীয়।
সদস্য দেশ: ১৯৩ টি।
মহাসচিব: অ্যান্টেনিও গুতারেস।

69. "Don't judge a book by its cover'– বাক্যটির সঠিক বাংলা কোনটি?

A. গাছে কাঁঠাল গোঁফে তেল B. নিজের ভালো পাগলেও বোঝে
C. বলা সহজ করা কঠিন D. চক চক করলেই সোনা হয় না

S D Why Don't judge a book by ifs cover' অর্থ: একজন ব্যক্তির বা কোনো বস্তুর মূল্য কেবল তার বাহ্যিক চেহারা দ্বারা নির্ধারিন করা উচিত নয়। বাংলায় এর একটি সমতুল্য প্রবাদ আছে:- চক চক করলেই সোনা হয় না। তাই Answer. D হয়েছে।

70. $(a + b)^2 - 2ab = ?$

A. $a + b$ B. $a - b$
C. $a^2 - b^2$ D. $a^2 + b^2$

S D Why আমরা জানি→ $(a + b)^2 - 2ab = a^2 + b^2$

71. নিচের কোন অর্থটি 'তালকানা' শব্দটির সঠিক অর্থ প্রকাশ করে?

A. সুযোগসন্ধানী B. কপট C. কান্ডজ্ঞানহীন D. নীচুমনা

S C Why তালকানা→ তালজ্ঞানহীন/কান্ডজ্ঞানহীন

72. পেপটাইজেশন পদ্ধতিতে নিচের কোনটি তৈরী করা যায়?

A. কোয়াগুলেশন B. ইমালশন C. সাসপেনশন D. কলয়েড

S D Why

73. Which one is the correct sentece?

A. The lady died of cancer B. The lady died by cancer
C. The lady died from cancer D. The lady died due to cancer

S C Why Died from→ রোগে মারা যাওয়া অর্থে ব্যবহৃত হয়। প্রশ্নে উল্লেখিত Cancer একটি রোগের নাম। তাই Died from ব্যবহৃত হয়েছে।

74. "তারা সাগরের তীরে ঝিনুক কুড়াত" বাক্যটি কোন কালের?

A. ঘটমান অতীত B. পুরাঘটিত বর্তমান
C. সাধারণ অতীত D. নিত্য অতীত

S D Why একটা সময়ে কোনো কাজ প্রায়ই ঘটতো বুঝালে নিত্য অতীত কাল হয়। যেমন:- খুব সকালে ঘুম থেকে উঠতাম

75. দুটি গতিশীল বস্তুর একটির সাপেক্ষে অপরটির গতিকে কি বলে?

A. পরম স্থিতি B. পরম গতি
C. আপেক্ষিক গতি D. আপেক্ষিক স্থিতি

S C Why দুটি গতিশীল বস্তুর একটির সাপেক্ষে অপরটির গতিকে আপেক্ষিত গতি বলে।

প্যারালাল তথ্য: নিশ্চল বস্তু সাপেক্ষে স্থির থাকা বস্তুর অবস্থাকে পরম স্থিতি এবং গতিশীল বস্তুর অবস্থাকে পরম গতি বলে। আবার একটি গতিশীল বস্তু সাপেক্ষে অপর একটি স্থির বস্তুর অবস্থাকে বলা হয় আপেক্ষিক স্থিতি।

76. বাংলাদেশের একমাত্র প্রবাল দ্বীপ কোনটি?

A. ভাষানচর B. মনপুরা
C. হাতিয়া D. সেন্টমার্টিন

S D Why সেন্টমার্টিন: বাংলাদেশের সর্বদক্ষিণে বঙ্গোপসাগরের উত্তর পূর্বাংশে অবস্থিত একটি ছোট প্রবাল দ্বীপ (মাত্র ৮ কিলোমিটার)

অ্যানালাইটিক তথ্য:

- ভাষানচর→ বাংলাদেশের দক্ষিণে বঙ্গোপসাগরের মোহনায় নোয়াখালী জেলায় হাতিয়া উপজেলা অর্ন্তগত চার ঈশ্বর ইউনিয়নে অবস্থিত।
- হাতিয়া→ নোয়াখালী জেলায় অবস্থিত হাতিয়া একটি সুন্দর দ্বীপ।
- মনপুরা→ বাংলাদেশের ভোলা জেলার একটি বিচ্ছিন্ন দ্বীপ। পুর্তগীজরা এই মনপুরা দ্বীপে বাস করত।

প্যারালাল তথ্য:

- বাংলাদেশের বৃহত্তর দ্বীপ→ ভোলা।
- বাংলাদেশের দ্বীপ জেলা→ ভোলা।
- সেন্টমার্টিন এর আরেকনাম→ নারিকেল জিঞ্জিরা।
- নিঝুম দ্বীপ→ নোয়াখালীতে অবস্থিত।

77. ΔABC এ ∠A = 90° হলে ত্রিভুজটি কি ধরনের?
A. বিষমবাহু B. সমবাহু C. সমকোণী D. সমদ্বিবাহু
SⒸWhy যে ত্রিভুজের একটি কোণ সমকোণ থাকে তাকে সমকোণী ত্রিভুজ বলে। ১ সমকোণ = ৯০°

78. একটি সমকোণী ত্রিভুজের অতিভুজ 5 সে.মি ও এক বাহুর দৈর্ঘ্য 4 সে.মি। ত্রিভুজটির অপর বাহুর দৈর্ঘ্য কত সে.মি?
A. 2 B. 3 C. 4 D. 5
SⒷWhy দেওয়া আছে, অতিভুজ = 5 সে.মি.।
এক বাহুর দৈর্ঘ্য = 4 সে.মি. ∴ অপর বাহু = ?
আমরা জানি, অতিভুজ^2 = (এক বাহুর দৈর্ঘ্য)^2 + (অপর বাহুর দৈর্ঘ্য)^2
⇒ $5^2 = 4^2$ + (অপর বাহুর দৈর্ঘ্য)^2 ⇒ (অপর বাহুর দৈর্ঘ্য)$^2 = 5^2 - 4^2 = 9$
⇒ অপর বাহুর দৈর্ঘ্য = 3

79. নিচের কোনগুলি সমষ্টি-বিশেষ্যের উদাহরণ?
A. আকাশ ও পাহাড় B. পরিবার ও মিছিল
C. নদী ও সাগর D. যুগান্তর ও গণদেবতা
SⒷWhy যে বিশেষ্য পদ দ্বারা একজাতীয় ব্যক্তি, বস্তু বা প্রাণীর সমষ্টি বোঝায় তাকে সমষ্টি বিশেষ্য বলে। যেমন:- জনতা, মিছিল, দল, পাল, মালা, সারি।

80. নিচের কৃত্রিম খাদ্য সংরক্ষকগুলোর মধ্যে কোনটি সবচেয়ে নিরাপদ?
A. অরবিটাল B. সোডিয়াম বেনজোয়েট
C. সোডিয়াম নাইট্রাইট D. ক্যালসিয়াম কার্বাইড
SⒷWhy সোডিয়াম বেনজোয়েট এর আনবিক সংকেত C_6H_5COONa, C_6H_5COOH. এর অ্যান্টিমাইক্রোবায়েল কার্যকরিতা pH 4.5 এর নিচে বেশি থাকে। প্রিজারভেটিসরূপে এদের অনুমোদিত ব্যবহারযোগ্য সর্বাধিক মাত্রা হলো 0.1%.

81. Noun form of the word 'long' is –
A. longest B. length C. longer D. lengthen
SⒷWhy Long হলো objectivel এর noun form হলো length, তাই Answer B হয়েছে।
▣ অ্যানালাইটিক তথ্য:
- longer হলো Long এর Comparative form.
- Longest হলো long এর Superlative form.
- lengthen → প্রলম্বিত করা যা মূলত verb

82. একই সমতলে দুইটি রশ্মির প্রান্তবিন্দু একই হলে কি তৈরী হয়?
A. তল B. কোণ C. বিন্দু D. রেখা
SⒷWhy অ্যানালাইটিক তথ্য:


প্যারালাল তথ্য: দুইটি সরলরেখা পরস্পরের সমান্তরালে থাকলে এরা যে সমতলে আছে সেখানে কখনো ছেদ করবে না। একটি বিন্দুর দৈর্ঘ্য শুন্য এবং এর কোনো মাত্রা নেই।

83. এপিকালচার (Apiculture) বলতে কী বুঝায়?
A. রেশম চাষ B. মৎস্য চাষ C. হাঁস মুরগী পালন D. মৌমাছি পালন
SⒹWhy মৌমাছি পালনকে এপিকালচার বলে।
- রেশম চাষ বিজ্ঞান → সেরিকালচার।
- মৎস চাষ বিজ্ঞান → পিসিকালচার।
- হাস-মুরগি পালন বিদ্যা → পেল্ট্রিফার্মিং

▣ প্যারালাল তথ্য:
- পাখিপালন বিদ্যা: এভিকালচার।
- চিংড়িপালনবিদ্যা: প্রোটন কালচার।

84. BIRDEM হাসপাতালের প্রতিষ্ঠাতা কে?
A. অধ্যাপক এম আর খান B. অধ্যাপক নুরুল ইসলাম
C. অধ্যাপক মোহাম্মদ মনিরুজ্জামান D. অধ্যাপক মোহাম্মদ ইব্রাহীম
SⒹWhy বারডেম হাসপাতারে প্রতিষ্ঠাতা ডা. মোহাম্মদ ইব্রাহিম। BIRDEM এর পূর্ণরূপ- Institute of Research and Rehabilitation in Diabetes, Endocrine and mdtabolie Disorders. 1980 সালে ঢাকার শাহবাগে এই হাসপাতাল প্রতিষ্ঠা করা হয়।

85. 'মেঘ' শব্দটির সঠিক প্রতিশব্দ কোনটি?
A. সিন্ধু B. অদ্রি C. অভ্র D. বারিদ
SⒹWhy সিন্ধু→ সমুদ্র, সাগর।
• অদ্রি→ পাহাড় • অভ্র→ আকাশ • মেঘ→ জলদ, বারিদ, জলধর

86. দৃষ্টি প্রতিবন্ধী মানুষেরা কোন পদ্ধতিতে পড়ালেখা করে?
A. ইশারা পদ্ধতি B. শ্রবণ পদ্ধতি C. ব্রেইল পদ্ধতি D. শব্দ পদ্ধতি
SⒸWhy হাত দিয়ে স্পর্শ করে অক্ষর/শব্দ বোঝার যন্ত্র/পদ্ধতি।
▣ প্যারালাল তথ্য: ইশারা দিয়ে পড়ালেখা করে বোবা বা, মুক বা বধির শ্রবণ পদ্ধতিতে পড়া যায় না। শুধুমাত্র শোনা যায়। শব্দ পদ্ধতিতে স্বাভাবিক মানুষ পড়ালেখা করে।

87. Fill in the blank with appropriate word: I read .... Daily Star every day.
A. a B. of C. an D. the
SⒹWhy নির্দিষ্ট করে বোঝালে সংবাদপত্রের নামের পূর্বে article 'The' বসে।

88. The word 'ecological' is related to –
A. demography B. environment
C. pollution D. atmosphere
SⒷWhy Ecological→ বাস্তসংস্থান, যেখানে জীবন্ত বস্তুর সাথে ভৌত/বস্তুর সম্পর্ককে বুঝায়। সহজ কথায়, পরিবেশের সাথে জীবন্ত প্রাণীর সম্পর্ককে নির্দেশ করে বাস্তুবিদ্যা। তাই (Answer B. environment) পরিবেশ হয়েছে।
▣ অ্যানালাইটিক তথ্য:
Demography → যার মাধ্যমে জনসংখ্যা বিষয়ক তত্ত্ব জানা যায়।
Polloution → যা বিভিন্ন দূষণকে নির্দেশ করে।
Almosphere → যা বায়ুমন্ডলকে নির্দেশ করে।

89. মুজিববর্ষের সময়কাল ছিল –
A. ২০২০ সালের ১৭ মার্চ থেকে ২০২০ সালের ১৬ ডিসেম্বর
B. ২০২০ সালের ১৭ মার্চ থেকে ২০২১ সালের ২৬ মার্চ
C. ২০২০ সালের ১৭ মার্চ থেকে ২০২১ সালের ১৬ ডিসেম্বর
D. ২০২০ সালের ১৭ মার্চ থেকে ২০২২ সালের ৩১ মার্চ
SⒷWhy মুজিববর্ষ:-
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী পালনের জন্য ঘোষিত বর্ষ। অর্থাৎ জাতির পিতার জন্মের ১০০তম বছর পূর্তি উপলক্ষ্যে এক বছরই মুজিববর্ষ।
▣ প্যারালাল তথ্য:
- মুজিববর্ষ → ঘোষণা করেন শেখ হাসিনা ১২ জানুয়ারি ২০১৯।
- মুজিববর্ষের লোগো ডিজাইনার→ শিল্পী সব্যসাচী হাজরা।
- মুজিববর্ষের থিম সং→ তুমি বাংলার ধ্রুবতারা, তুমি হৃদয়ের বাতিঘর।
- গীতিকার→ ড. কামাল আবদুল চৌধুরী।
- মুজিববর্ষ গণনা শুরু হয়→ ১০ জানুয়ারী, ২০২০।
- মুজিববর্ষের নোট→ ২০০ টাকা (বাজারে আসে ১৮ মার্চ ২০২০।)

90. বল ও সরণের মধ্যবর্তী কোণ কত হলে কোন কাজই হবে না?
A. 60° B. 120° C. 90° D. 180°
SⒸWhy $W = \vec{F} . \vec{S}$
W = 0 হলে, $\vec{F} . \vec{S} \Rightarrow F . S \cos\theta = 0ss$
এখন, F = 0, S = 0 না হলে, $\cos\theta = 0 = \cos 90° \Rightarrow \theta = 90°$
▣ প্যারালাল তথ্য:
- $W = Fs \cos 180° = -Fs$
- $W = F s \cos 60° = \frac{Fs}{2}$
- $W = F s\cos 120° = Fs\ cso\ (90 + 30)° = -F s \cos 30° = -\frac{Fs}{2}$

91. কোন শিল্পে অ্যানিলিং একটি গুরুত্বপূর্ণ ধাপ?
A. কাঁচ শিল্প B. চামড়া শিল্প C. কাগজ শিল্প D. সিরামিক শিল্প

S Ⓐ Why কাচ সামগ্রী উৎপাদনের চারটি ধাপের মধ্যে একটি হলো অ্যানিলিং। কাচের ভঙ্গুরতা রোধ করার জন্য উত্তপ্ত কাঁচ সামগ্রীকে কোমলায়ন তাপমাত্রায় বা কাচের প্রাথমিক গলনাঙ্কের চেয়ে একটু বেশি এবং সংকট তাপমাত্রার কাছাকাছি দীর্ঘ সময় যাবৎ ধীরে ধীরে শীতল করতে হয়, এরূপ শীতলীকরণ প্রক্রিয়াকে কাচ সামগ্রীর অ্যানিলিং বা পান দেয়া বা কোমলায়ন বলে।

92. Fill in the blank with appropriate word: He has been ill..... last Friday.
A. for B. to C. with D. since

S Ⓓ Why 37 এর ব্যাখ্যা খেয়াল কর।

93. নিচের কোন শব্দটি উয়া প্রত্যয়যোগে গঠিত?
A. নাগোয়া B. ঘরোয়া C. বেহায়া D. পড়ুয়া

S Ⓓ Why প্রত্যয় যোগে গঠিত কয়েকটি গুরুত্বপূর্ণ শব্দ: √নী + অনট্ = নয়ন; √গৈ + অক = গায়ক; √বচ + ক্তি = উক্তি; √পঠ + অক = পাঠক; √পড়া + উয়া = পড়ুয়া; মধুর + ষ্ণ = মাধুর্য।

94. **"স্বপ্ন সেটা নয় যেটা ঘুমিয়ে দেখো, স্বপ্ন হলো সেটাই যা তোমাকে ঘুমাতে দিবে না" – উক্তিটি কার?**
A. রবীন্দ্রনাথ ঠাকুর B. সক্রেটিস
C. বিল গেটস D. এপিজে আবদুল কালাম

S Ⓓ Why এপিজে আবদুল কালাম ১৫ অক্টোবর ১৯৩১ সালে ভারতের তামিলনাড়ু রাজ্যের রামেশ্বরমে তিনি ছিলেন একাধারে বিজ্ঞানী, লেখক ও সমাজচিন্তিক ছিলেন ভারতীয় প্রজাতন্ত্রের একাদশ রাষ্ট্রপতি। তাকে মিসাইল ম্যান অব ইন্ডিয়া বলা হয়। তার অনেক উক্তিগুলো প্রশ্নে উল্লেখিত উক্তি অন্যতম।

▣ **অ্যানালাইটিক তথ্য:** রবীন্দ্রনাথ ঠাকুর এর বিখ্যাত উক্তিসমূহঃ-
- আগুনকে যে ভয় করে সে আগুনকে ব্যবহার করতে পারে না।
- সুন্দর আপনি সুন্দর এবং অন্যকে সুন্দর করে।
- "সোনার চেয়ে আনন্দের দাম বেশি"।
- মানুষের প্রতি বিশ্বাস হারানো পাপ ।
- মনুষ্যত্বের মূলে আর প্রকান্ত দ্বন্দ্ব আছে।

▣ **সক্রেটিস এর বিখ্যাত উক্তি:** পৃথিবীতে শুধুমাত্র একটি-ই ভালো আছে, জ্ঞান। আর একটি খারাপ আছে, অজ্ঞতা।
- "নিজেকে জানো"
- "পোশাক হলো বাইরের আবরণ"
- মানুষের আসল সৌন্দর্য হচ্ছে তার জ্ঞান।
- আমি কাউকে কিছু শিক্ষা দিতে পারব না। আমি শুধু তাদের চিন্তা করাতে পারব।
- "অন্যায় করে লজ্জিত না হওয়াটা আরেক অন্যায়"

▣ **বিল গেটস এর বিখ্যাত উক্তি:**
- আপনি যদি গরীব হয়ে জন্ম নেন তাহলে এটা আপনার দোষ নয়, কিন্তু যদি গরীব থেকেই মারা যান এটা আপনার দোষ।
- " জীবনে বড় ধাক্কা খাওয়া বা বাজে পরিস্থিতির শিকার হওয়াটাই সাফল্যের অন্যতম মূলমন্ত্র"
- " আপনি যদি কোন কিছু ভালো ভাবে করতে না পারেন অন্তন চেষ্টা করুন।
- " ধৈর্য্যই হলো সাফল্যের প্রধান শর্ত"
- " যতই বড়ো হওনা কেনো, নিজের অতীতকে কখনো ভূলবে না"।

95. নিচের কোন ভগ্নাংশটি অসীম দশমিক ভগ্নাংশ?
A. $\frac{1}{2}$ B. $\frac{1}{3}$ C. $\frac{1}{4}$ D. $\frac{1}{5}$

S Ⓑ Why $\frac{1}{2} = 0.5; \frac{1}{3} = 0.33333...; \frac{1}{4} = 0.25, \frac{1}{5} = 0.2$

96. নিচের কোনটি মৌলিক শব্দ নয়?
A. গাছ B. গরমিল C. পাখি D. শাপলা

S Ⓑ Why যেসব শব্দ বিশ্লেষণ করা যায় না বা ভেঙে আলাদা করা যায় না সেগুলোকে মৌলিক শব্দ বলে। যেমন: গোলাপ, নাক, লাল, পাখি, শাপলা, গাছ ইত্যাদি। যেসব শব্দের ব্যুৎপত্তিগত অর্থ এবং ব্যবহারিক অর্থ একই রকম, সেগুলোকে যৌগিক শব্দ বলে। যেমন– গায়ক, কর্তব্য, বাবুয়ানা, মধুর, চিকামারা, গরমিল ইত্যাদি।

97. **বাংলাদেশের সীমান্তবর্তী কোন জেলার সাথে ভারতের সীমান্ত সংযোগ নেই?**
A. পঞ্চগড় B. বান্দরবান C. কুষ্টিয়া D. সাতক্ষীরা

S Ⓑ Why বাংলাদেশের সীমান্তবর্তী জেলা বান্দরবন ও কক্সবাজার জেলার সাথে ভারতের কোনো সীমান্ত সংযোগ নেই।

▣ **অ্যানালাইটিক তথ্য:** পঞ্চগড়, সাতক্ষীরা, কুষ্টিয়া জেলার সাথে ভারতের সীমান্ত সংযোগ রয়েছে।

▣ **প্যারালাল তথ্য:** বাংলাদেশের সীমান্ত রয়েছে ২টি দেশের সাথে। যথা ভারত ও মিয়ানমার।
- বাংলাদেশের মোট সীমান্তবর্তী জেলা→ ৩২টি।
- ভারতের সাথে সীমান্তবর্তী জেলা→ ৩০ টি।
- মিয়ানমারের সাথে সীমান্তবর্তী জেলা→ ৩টি।
- ভারত ও মায়ানমারের একমাত্র সীমান্তবর্তী জেলা→ রাঙ্গামাটি।
- সিলেট ও ময়মনসিংহের বিভাগের সব জেলা সীমান্তবর্তী।
- ঢাকা ও বরিশাল বিভাগের সাথে ভারতের কোন সীমান্ত সংযোগ নেই।
- ভারতের সাথে বাংলাদেশের সীমান্ত দৈর্ঘ্য→ ৪১৫৬ কি.মি.।

98. **বাংলাদেশের একমাত্র পাহাড় বিশিষ্ট দ্বীপ –**
A. মহেশখালি B. নিঝুমদ্বীপ C. কুতুবদিয়া D. পাহাড়পুর

S Ⓐ Why মহেশখালী দ্বীপ বাংলাদেশের পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের একটি দ্বীপ। মহেশখালী বাংলাদেশের একমাত্র পার্বত্য দ্বীপ। এটি চারটি দ্বীপ নিয়ে গঠিত মহেশখালী উপজেলার বৃহত্তর দ্বীপ, বাকি তিনটি দ্বীপ হল সোনাদিয়া, মাতারবাড়ী, ও ধলঘাটা।

▣ **অ্যানালাইটিক তথ্য:**

কুতুবদিয়া→ বাংলাদেশের কক্সবাজার জেলার অর্ন্তগত একটি উপজেলা। এটি এমন একটি দ্বীপ, যা কুতুবদিয়া চ্যানেল দ্বারা মূল ভূখন্ড থেকে বিচ্ছিন্ন।

নিঝুম দ্বীপ→ নিঝুম দ্বীপ বাংলাদেশের একটি ছোট দ্বীপ। এটি নোয়াখালী জেলার হাতিয়া উপজেলার অর্ন্তগত। নিঝুম দ্বীপের পূর্ব নাম ছিল চর-ও সমান্ত বাউল্লার চর, ইছামতীর চর প্রভৃতি।

পাহাড়পুর→ পাহাড়পুর বৌদ্ধবিহার বা সোমপুর বিহার বা সোমপুর মহাবিহার বর্তমানে ধ্বংসপ্রাপ্ত একটি প্রাচীন বৌদ্ধ বিহার।

▣ **প্যারালাল তথ্য:**
- বাংলাদেশের একমাত্র প্রবাল দ্বীপ→ সেন্টমার্টিন।
- বাংলাদেশের বৃহত্তর দ্বীপ→ ভোলা।
- সেন্টমার্টিন এর অপর নাম নারিকেল জিঞ্জিরা।
- পর্তুগীজরা বাস করত→ ভোলার মনপুরা দ্বীপে।
- বাংলাদেশের একমাত্র দ্বীপ জেলা→ ভোলা।
- ছেড়া দ্বীপের আয়তন→ ৩ কি.মি.

99. **শূন্যস্থান পূরণ করুন:**
যদি পূর্ণবয়স্ক নবজাতকের ওজন .... এর কম হলে তাকে LBW (Low Birth Weight) বলা হয়ে থাকে?
A. 3.0 কেজি B. 1.5 কেজি C. 2.5 কেজি D. 2.0 কেজি

S Ⓒ Why যেসব নবজাতক ২.৫ কেজির কম ওজন নিয়ে জন্মায় তাদের কম ওজনবিশিষ্ট বা Low Birth Weight (LBW) শিশু বলা হয়। বাংলাদেশের প্রায় ৩০ শতাংশ নবজাতক কম ওজন নিয়ে ভূমিষ্ট হয়।

100. **বাংলা সাহিত্যে অসামান্য অবদানের জন্য বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় কি উপাধিতে ভূষিত হন?**
A. পদ্মশ্রী B. ভারতরত্ন C. জ্ঞানপীঠ পুরস্কার D. সাহিত্য সম্রাট

S Ⓓ Why কাজী নজরুল ইসলাম-বিদ্রোহী কবি; জসীমউদ্দীন-পল্লীকবি; বিহারীলাল চক্রবর্তী - ভোরের পাখি; বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়- সাহিত্যসম্রাট; শামসুর আহমান- নাগরিক কবি; সত্যেন্দ্রনাথ দত্ত-ছন্দের যাদুকর।